# ম্যানেজিং কমিটির মাধ্যমে শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত হয়নি: শিক্ষা মন্ত্রণালয়




শিক্ষামন্ত্রী আহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের পদ্ধতিতে আপাতত কোনো পরিবর্তন আসছে না। শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) যে প্রক্রিয়ায় নিয়োগের সুপারিশ করে আসছে, সেটিই বহাল রয়েছে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির হাতে নিয়োগের দায়িত্ব দেওয়ার বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

সোমবার (১০ আগস্ট) রাতে এক ক্ষুদে বার্তায় মন্ত্রণালয় জানায়, ম্যানেজিং কমিটির মাধ্যমে শিক্ষক নিয়োগ নিয়ে আলোচনা হয়েছে। তবে এ বিষয়ে এখন পর্যন্ত নতুন কোনো পরিপত্র বা প্রজ্ঞাপন জারি করা হয়নি। তাই বিদ্যমান ব্যবস্থাতেই নিয়োগ কার্যক্রম পরিচালিত হবে।

শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলনও বিষয়টি পরিষ্কার করে সামাজিক যোগাযোগমাধ্যমে বক্তব্য দিয়েছেন। তিনি জানান, এনটিআরসিএর কার্যক্রম ও শিক্ষক নিয়োগ পদ্ধতিকে আরও স্বচ্ছ ও কার্যকর করার বিষয়ে মন্ত্রণালয় পর্যালোচনা করছে। তবে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির মাধ্যমে শিক্ষক নিয়োগ দেওয়ার কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

সম্প্রতি ম্যানেজিং কমিটির হাতে শিক্ষক নিয়োগের ক্ষমতা ফিরিয়ে দেওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে—এমন খবর ছড়িয়ে পড়ার পর বিষয়টি নিয়ে নানা আলোচনা তৈরি হয়। এ পরিস্থিতিতে শিক্ষামন্ত্রী এ ধরনের তথ্যকে বিভ্রান্তিকর উল্লেখ করে যাচাই ছাড়া তা প্রচার না করার আহ্বান জানান।

অন্যদিকে, মন্ত্রণালয়ের একটি সভার কার্যবিবরণীতে এনটিআরসিএর নিয়োগ সুপারিশের পরিবর্তে ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডির মাধ্যমে শিক্ষক নিয়োগের প্রস্তাব ও সিদ্ধান্তের উল্লেখ পাওয়া গেছে। তবে মন্ত্রণালয়ের সর্বশেষ অবস্থান অনুযায়ী, নতুন কোনো নির্দেশনা জারি না হওয়া পর্যন্ত বর্তমান নিয়োগ পদ্ধতিই কার্যকর থাকবে।